দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 DEC 1995

পৃষ্ঠা ২ কলাম ৪

142

কলেজ-ভার্সিটির শিক্ষক সমাবেশ

# শিক্ষক সমাজের কাছে দেয়া প্রতিশ্রুতি সরকার রক্ষা করেনি

স্টাফ রিপোর্টার ॥ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেন, সরকার শিক্ষকদের সাথে প্রতারণা করেছে। শিক্ষক সমাজের কাছে দেয়া প্রতিশ্রুতি রক্ষা করেনি। তাঁরা বলেন, যে সরকার শিক্ষকদের সঙ্গে প্রতিশ্রুতি ভঙ্গ করে, তাদের কাছ থেকে জাতি কোন অঙ্গীকার আদায় করতে পারবে না।

বুধবার, জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে তাঁরা এই কথা বলেন। ডঃ এ ম, আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন অধ্যক্ষ মোঃ শাহজাহান, অধ্যাপক ফকরুজ্জামান, শফিকুর রহমান, সিরাজুল হক, আবুবকর চৌধুরী, ফিরোজা আখতার প্রমুখ।

স্মরকলিপি পড়ে শোনান হোসনে আরা। সমাবেশ শেষে প্রধানমন্ত্রী খালেদা জিয়া এবং আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার কাছে দুটি স্মারকলিপি দেয়া হয়। নেতৃবৃন্দ বলেন, মানুষ বুকের রক্ত দিয়ে দেশে গণতন্ত্র এনেছে। অবাধ নির্বাচনের পর বর্তমান প্রধানমন্ত্রী ক্ষমতায় থাকেন। এরপর দেশের ভবিষ্যত গড়ার কারিগর শিক্ষক সমাজের দাবি মেনে নেয়ার ব্যাপারে প্রতিশ্রুতি দেন। কিন্তু প্রায় পাঁচ বছর ক্ষমতায় থাকার পরও তিনি প্রতিশ্রুতি রক্ষা করেননি। তাঁরা বলেন, গত বছর বেসরকারী শিক্ষক কর্মচারীদের আন্দোলনের সময় সকল শিক্ষকের টাইম স্কেল দেয়ার অঙ্গীকার করেছিল এই সরকার। কিন্তু বেসরকারী কলেজ শিক্ষকদের সেই টাইম স্কেল থেকে বঞ্চিত করা হয়েছে।